রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৯, ২০১৯

## ৩য় খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

### প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৮ বৈশাখ ১৪২৬/২১ এপ্রিল ২০১৯

নং **২৩.০০.০০০০.০৩০.১৯.০৮৭.১৭.৪২**—নির্দেশক্রমে বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৫১৪০ লেঃ কর্নেল শরীফ মোঃ আমান হাসান, এসপিপি, পিএসসি, পদাতিক'কে সিলেট ক্যাডেট কলেজের অধ্যক্ষ পদে প্রেষণে নিয়োগ প্রদান করা হলো।

২। প্রেষণে নিয়োজিত থাকাকালীন উক্ত কর্মকর্তা সেনাবাহিনীর শেষ বেতন সনদ অনুযায়ী বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদিসহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নম্বর পে-২৫/৮২/ডি-১৯/২২৩, তারিখ ১৪ জুলাই ১৯৮৩ অনুযায়ী সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। সিলেট ক্যাডেট কলেজের অধ্যক্ষ ক্যাপ্টেন এম মাকসুদ আলম, (ই), এনইউপি, বিসিজিএম, বিসিজিএমএস, পিএসসি, বিএন (পি নং-৮৫১)'কে নৌবাহিনীতে প্রত্যাবর্তনের জন্য তাঁর চাকরি নৌসদর, বাংলাদেশ নৌবাহিনীতে প্রত্যর্পণ করা হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৩.০০.০০০০.০৩০.১৯.০৮৭.১৭.৪৩**—নির্দেশক্রমে বাংলাদেশ নৌবাহিনীর কমান্ডার মোহাম্মদ হাফিজুর রহমান আফরাদ, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং-১০৩২)'কে রাজশাহী ক্যাডেট কলেজের অধ্যক্ষ পদে প্রেষণে নিয়োগ প্রদান করা হলো।

২। প্রেষণে নিয়োজিত থাকাকালীন উক্ত কর্মকর্তা নৌবাহিনীর শেষ বেতন সনদ অনুযায়ী বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদিসহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নম্বর পে-২৫/৮২/ডি-১৯/২২৩, তারিখ ১৪ জুলাই ১৯৮৩ অনুযায়ী সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। রাজশাহী ক্যাডেট কলেজের অধ্যক্ষ বিএ-৪০১৩ কর্নেল মোঃ হাবিবুর রহমান, পিএসসি''কে সেনাবাহিনীতে প্রত্যাবর্তনের জন্য তাঁর চাকরি সেনাসদর, বাংলাদেশ সেনাবাহিনীতে প্রত্যর্পণ করা হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাশেদা জামান**
উপসচিব।

---

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৭ চৈত্র ১৪২৫/১০ এপ্রিল ২০১৯

নং **২৩.০০.০০০০.১২০.১৩.০০১.১৬-১১২**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর সহকারী প্রকৌশলী এফ/এস জনাব মোঃ মনির হোসেন (ব্যক্তিগত নম্বর ৮০২৫৮)-কে The Public Servants (Retirement) Act, (১৯৭৪ সালের ১২ নং আইন)-এর ৪ ধারা অনুযায়ী আগামী ১৫-০৫-২০১৯ তারিখে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ১৬-০৫-২০১৯ হতে ১৫-০৫-২০২০ তারিখে পর্যন্ত ০১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

নং **২৩.০০.০০০০.১২০.১৩.০০১.১৭-১১৩**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর সিনিয়র উপসহকারী প্রকৌশলী ই/এম, জনাব মোঃ রফিকুল ইসলাম (ব্যক্তিগত নম্বর ৮১৪২৩)-কে গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪, (১৯৭৪ সালের ১২ নং আইন)-এর অনুচ্ছেদ ৯(১) অনুযায়ী তাঁর চাকরি ২৫ বছর পূর্ণ হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে ০১ মে ২০১৯ তারিখ থেকে তাঁকে অবসর প্রদান করা হলো।

২। অর্থ বিভাগের ১৫ ডিসেম্বর ২০১৫ তারিখের চাকরি (বেতন ও ভাতাদি) আদেশের অনুচ্ছেদ ১০(২) (ক) ও (খ) অনুযায়ী তিনি ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) হিসাবে এবং বিধি অনুযায়ী অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওয়ালিউল ইসলাম**
সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ বৈশাখ ১৪২৬/১৮ এপ্রিল ২০১৯

নং **২৩.০০.০০০০.১৪০.১৯.০৭০.১৬-১১০**—চীনের বেইজং-এ অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা বিএ-৩১৪৭ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সিরাজুল ইসলাম শিকদার, এনডিসি, পিএসসি আগামী ৩০ জুন ২০১৯ তারিখে স্বাভাবিক অবসর গমন করবেন। এ পরিপ্রেক্ষিতে তাঁকে স্বদেশ প্রত্যাবর্তনপূর্বক তদস্থলে প্রতিস্থাপক হিসেবে বিএ-৩৩৩৭ ব্রিগেডিয়ার জেনারেল স, ম, মাহ্‌বুব-উল-আলম, ওএসপি, এসজিপি, এনডিসি, পিএসসি-কে প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) তিনি উক্ত পদে নিয়োজিত থাকাকালীন মিনিস্টার পদের কূটনৈতিক পদমর্যাদা ভোগ করবেন ;

(খ) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, যাতায়াত ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, ব্যক্তিগত মালামাল পরিবহন এবং আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন ;

(গ) এ নিয়োগ সংক্রান্ত ব্যয় ডিজিএফআই-এর ২০১৮-২০১৯ অর্থ বৎসরের বাজেটের “প্রতিষ্ঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯-আন্তঃবাহিনীসমূহ পরিচালন এবং ১১৯০৯১১০০০০০০-প্রতিরক্ষা অ্যাটাচী খাত” থেকে নির্বাহ করা হবে ;

(ঘ) আউটফিট ও বদলী মঞ্জুরি বাংলাদেশ সেনা বাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে ;

(ঙ) প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে তাঁর চাকুরী বাংলাদেশ সেনা বাহিনীতে বহাল থাকবে ;

(চ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম অর্থ গ্রহণ করা হলে তা ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে ;

(ছ) বিএ-৩৩৩৭ ব্রিগেডিয়ার জেনারেল স, ম, মাহ্‌বুব-উল-আলম, ওএসপি, এসজিপি, এনডিসি, পিএসসি সপরিবারে (স্ত্রী-কল্পনা আখতার পল্লবী, কন্যা-পারশা কানিজ ও পুত্র-এম তাসদিক মুত্তাকী এবং গৃহভৃত্য/গৃহপরিচারিকাসহ) চীনের বেইজং গমন করতে পারবেন ;

(জ) গৃহভৃত্য/গৃহপরিচারিকা সঙ্গে নেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারাহ শাম্মী**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ বৈশাখ ১৪২৬/১৬ এপ্রিল ২০১৯

নং **২৩.০০.০০০০.১২০.১১.০০৩.১৮-১১৬**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নিম্নবর্ণিত কর্মকর্তা এমইএস এর নিয়োগবিধি অনুযায়ী চাকরি স্থায়ীকরণের জন্য প্রয়োজনীয় সকল শর্ত পূরণ করায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ অক্টোবর, ১৯৯০ তারিখের এস, আর, ও নম্বর ৩৪৩/আইন/৯০/সম(বিধি-৪) আর আর-৩/৯০ অনুযায়ী তাঁর চাকরি বর্তমান পদে যোগদানের তারিখ থেকে স্থায়ী করা হল :

| নাম ও পদবী | ব্যক্তিগত নম্বর | বর্তমান পদে যোগদানের তারিখ অর্থাৎ যে তারিখ হতে চাকরি স্থায়ী করা হল |
|---|---|---|
| মোঃ মিজানুর রহমান<br>নির্বাহী প্রকৌশলী বি/আর | ৮০২১৮ | ৩১-০৭-২০১৮ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওয়ালিউল ইসলাম**
সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ বৈশাখ ১৪২৬/১৭ এপ্রিল ২০১৯

নং **২৩.০০.০০০০.১৮০.১১.১৫৪.২০১৫-১৭২**—‘প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের বেসামরিক গোয়েন্দা কর্মকর্তা এবং কর্মচারী (গোয়েন্দা ও নিরাপত্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬’ এর অনুচ্ছেদ ৬(৩)(ক) এবং ৬(৪) অনুসারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে নিয়োজিত নিম্নবর্ণিত পরিচালককে তাঁর নামের পাশে উল্লিখিত তারিখ (৪ নম্বর কলামে বর্ণিত) থেকে পরিচালক পদে চাকরিতে স্থায়ী করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ক্রমিক নম্বর | নাম, পদবি ও পরিচিতি নম্বর | পদোন্নতিপ্রাপ্ত পদ ও উক্ত পদে যোগদানের তারিখ | পরিচালক পদে চাকরিতে স্থায়ীকরণের তারিখ |
| ১ | জনাব মোঃ মনির উদ্দিন<br>পরিচালক<br>পরিচিতি নম্বর ০২৮ | পরিচালক<br>ও<br>২৭ জুন ২০১৬ | ২৭ জুন ২০১৬ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।